# জরুরী সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা ডিভিশন-১ এর আওতাধীন "ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১০ টি ১৪ তলা বিশিষ্ট ১০৪০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (স্বপ্ননগর-১) এর ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্নিত প্রকল্পের মূল্য নির্ধারন, বর্ধিত মূল্য ও মাসিক কিস্তি পরিশোধসহ নানাবিধ সমস্যা নিরসনের জন্য গঠিত কমিটির সুপারিশ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৩২ তম বোর্ড সভার অনুচ্ছেদ-১০ এর সিদ্ধান্ত এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০৩১.১৪.০৪০.১৪(অংশ).৩৫০, তারিখ-১৭/০৭/২০২২ ইং এর নির্দেশনার আলোকে ফ্ল্যাটের পুনঃ নির্ধারিত মাসিক কিস্তির পরিমান নিম্নরূপঃ

(ক) সাময়িক বরাদ্দপত্রের ৫০% এর উপর ৯% সরল সুদ এবং বর্ধিত মূল্য সুদ বিহীন হিসাব করে ১৬ বছরের মাসিক কিস্তির পরিমান নিম্ন বর্নিত হারে পরিশোধ করতে হবে।

১৫৪৫ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-৩৬,১০৮.০০ টাকা।

১৩৩৮ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-৩১,১১৩.০০ টাকা।

৮৭৮ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-২০,৬৮২.০০ টাকা।

(খ) ইতিমধ্যে যে সকল ফ্ল্যাট বরাদ্দগ্রহীতাগন বর্ধিত মূল্যের ৫০% পরিশোধ করেছেন কিন্তু অবশিষ্ট বর্ধিত মূল্য সুদ বিহীন এবং সাময়িক বরাদ্দপত্রের ৫০% এর উপর ৯% সরল সুদ হিসাব করে ১৬ বছরের মাসিক কিস্তির পরিমান নিম্ন বর্নিত হারে পরিশোধ করতে হবে।

১৫৪৫ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-৩২,৫২২.০০ টাকা।

১৩৩৮ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-২৮,৫৭৯.০০ টাকা।

৮৭৮ বর্গফুটের জন্য মাসিক কিস্তি-১৮,০৫৭.০০ টাকা।

বিঃ দ্রঃ- ১. ইতিমধ্যে যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক এপ্রিল/২০২২ হতে বর্ধিত মূল্যের উপর সুদসহ কিস্তি পরিশোধ করেছেন তাদের অতিরিক্ত পরিশোধিত টাকা (প্রমানক যাচাইয়ান্তে) পরবর্তী মাসের কিস্তির সাথে সমন্বয় করা হবে।

২. যে সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপক বাৎসরিকভাবে কিস্তি পরিশোধ করতে ইচ্ছুক তাদেরকে সংযুক্ত তালিকা অনুযায়ী কিস্তি (তবে শর্ত থাকে যে, সংযুক্ত ছক অনুযায়ী কত বছরে পরিশোধ করবেন তা নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে অনুমোদন স্বাপেক্ষে) পরিশোধ করতে হবে।

৩. যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক অদ্যবদি ফ্ল্যাট বুঝে নেন নাই তাদের জন্য এপ্রিল/২০২২ হতে সয়ংক্রিংয়ভাবে ফ্ল্যাট হস্তান্তর করা হয়েছে মর্মে গন্য হয়েছে এবং তাদেরকে এপ্রিল/২০২২ হতে উপরোক্ত মাসিক কিস্তি জরিমানাসহ পরিশোধ করতে হবে।

৪. এপ্রিল/২০২২ এর পূর্বে যে সকল বরাদ্দপ্রাপক মাসিক কিস্তি পরিশোধ করেছেন তাদের ক্ষেত্রে এপ্রিল/২০২২ হতে মাসিক কিস্তি পরিশোধ করেছেন মর্মে গণ্য হবে। তবে তাদের অতিরিক্ত কিস্তি ও অতিরিক্ত টাকা পরবর্তী মাসের কিস্তির সাথে সমন্বয় করা হবে।

অবিলম্বে এই আদেশ এপ্রিল/২০২২ হতে কার্যকর হয়েছে মর্মে গন্য হবে।

২৪/০৮/২২

(জোয়ারদার তাবেদুন নবী)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা ডিভিশন-১
জাগৃক, মিরপুর, ঢাকা